গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৮.০৯.০০১.২১.২৯ তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

বিষয়: **১১তম জাতীয় সংসদের অনুমিত হিসাব সম্পর্কিত কমিটির ১২তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**


সূত্র: জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং- ১১.০০.০০০০.৭০৩.০৬.০০২.১৯-৩১৮, তাং: ১৫/০৩/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের 'অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি'র ১২তম বৈঠকে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:

| সুপারিশসমূহ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|
| মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদা কর্মকর্তাদের সমন্বয়ে বাংলাদেশ ৪টি মেরিন একাডেমি স্থাপন প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার বিষয়ে তদন্ত করে আগামী ২(দুই) মাসের মধ্যে একটি প্রতিবেদন প্রদানের সুপারিশ করা হয়; | নৌপরিবহন মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এবং নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা |
| ১। নদীর নাব্যতা রক্ষায় ড্রেজিংয়ের ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক নিবীড় তদারকির সুপারিশ করা হয়;<br>২। আন্তর্জাতিকমানের সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে মানুষের ব্যবহারের জন্য বড় বড় নৌবন্দরগুলোকে আধুনিকীকরণের পরিকল্পনা গ্রহণের সুপারিশ করা হয়;<br>৩। মাদারীপুর জেলার শিবচর উপজেলার ময়নাকাটা নদীর ড্রেজিং এর বিস্তারিত তথ্য আগামী ১ মাসের মধ্যে এ কমিটিতে প্রেরণের সুপারিশ করা হয়। | বিআইডব্লিউটিএ এবং টিএ অধিশাখা |
| ১। বিআইডব্লিউটিসি কর্তৃক পরিচালিত ৪টি কনটেইনার জাহাজ পরিচালনার আয়-ব্যয়ের হিসাব আগামী ২(দুই) মাসের মধ্যে এ কমিটিতে প্রদানের সুপারিশ করা হয়;<br>২। বাংলামটর ফেয়ারলি হাউসে বাণিজ্যিক প্রকল্প গ্রহণের পূর্বে সরকারের অনুমতি নিয়ে সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ করা হয়; | বিআইডব্লিউটিসি এবং টিসি শাখা |
| বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চলমান প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রণালয় কর্তৃক তদারকির সুপারিশ করা হয়; | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এবং বাস্থবক অধিশাখা |
| পদ্মা ব্রিজ ও মাতারবাড়ি প্রকল্পের আলোকে মোংলা বন্দরকে আরও আধুনিকীকরণের জন্য সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ করা হয়; | মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং মবক অধিশাখা। |
| এমআরটি লাইন-৫: নর্দান রুটের প্রকল্প জালালাবাদ ফ্যাক্টরির মালিক ও শ্রমিকদের ক্ষতি না করে প্রকল্পটি বিকল্পস্থানে নির্ধারণ করা যায় কিনা সে বিষয়ে পরিকল্পনা গ্রহণের সুপারিশ করা হয়; | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ১। পদ্মা এক্সপ্রেস হাইওয়ে থেকে যাতায়াতের সুবিধার্থে আড়িয়াল খাঁ ব্রিজ এবং সুজানগর হাটের মাঝে ল্যান্ডিংয়ের ব্যবস্থা গ্রহণের সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ করা হয়;<br>২। পদ্মা এক্সপ্রেস হাইওয়ের যে-সমস্ত জায়গায় বিদ্যুৎ নেই, সেখানে বিদ্যুতের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;<br>৩। আইএমইডি কর্তৃক প্রকল্প পর্যবেক্ষণের সর্বশেষ রিপোর্ট কমিটিতে প্রেরণের সুপারিশ করা হয়। | বিবিধ সুপারিশসমূহ |

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তসমূহের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও গৃহীত কার্যক্রম অবহিতসহ চাহিত তথ্যাদি/প্রতিবেদন জরুরি ভিত্তিতে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



২৪-৩-২০২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব


বিতরণ :(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১) চেয়ারম্যান,
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৪) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
৫) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৬) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
৭) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
৮) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী
১১) পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
১২) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
১৩) যুগ্মসচিব, পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৪) যুগ্ম সচিব, টিএ অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৫) যুগ্মসচিব, বাস্তবক অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৬) যুগ্মসচিব, মোবক অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৭) উপসচিব , নৌশিক্ষা ও প্রশিক্ষণ, নৌপরিবহন মন্ত্রণালয়
১৮) সিনিয়র সহকারী সচিব, টিসি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়
১৯) প্রোগ্রামার, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৮.০৯.০০১.২১.২৯/১(৩)

তারিখ: ১০ চৈত্র ১৪২৭ / ২৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়



২৪-৩-২০২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**কমিটি শাখা-৩**
**www.parliament.gov.bd**

নং-১১.০০.০০০০.৭০৩.০৬.০০২.১৯/১৩১৮

তারিখঃ ১৫/০৩/২০২১ খ্রি:

**অনুমিত হিসাব সম্পর্কিত কমিটির ১২তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।**

একাদশ জাতীয় সংসদের 'অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি'র ১২তম বৈঠক গত ১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: (২৭ ফাল্গুন ১৪২৭) তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত ১নং স্থায়ী কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকের কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

Begum ১৫-০৩-২১
(ফারহানা বেগম)
সিনিয়র কমিটি অফিসার
ফোন: ৮১৭১৩৭৯ ইন্টারকম: ৩৪৩৮

**বিতরণ সদয় কার্যার্থে:**

| ক্র. | মাননীয় সভাপতি ও সদস্যবৃন্দের নাম | নির্বাচনী এলাকা | পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুস শহীদ | ২৩৮ মৌলভীবাজার-৪ | সভাপতি |
| ২. | জনাব নূর-ই-আলম চৌধুরী | ২১৮ মাদারীপুর-১ | সদস্য |
| ৩. | জনাব ইউসুফ আব্দুল্লাহ হারুন | ২৫১ কুমিল্লা-৩ | সদস্য |
| ৪. | জনাব এ বি তাজুল ইসলাম | ২৪৮ ব্রাহ্মণবাড়িয়া-৬ | সদস্য |
| ৫. | জনাব ফজলে হোসেন বাদশা | ৫৩ রাজশাহী-২ | সদস্য |
| ৬. | জনাব বজলুল হক হারুন | ১২৫ ঝালকাঠি-১ | সদস্য |
| ৭. | জনাব আহসান আদেলুর রহমান | ১৫ নীলফামারী-৪ | সদস্য |
| ৮. | বেগম ওয়াসিকা আয়শা খান | ৩০৭ মহিলা আসন-৭ | সদস্য |
| ৯. | জনাব গোলাম মোহাম্মদ সিরাজ | ৪১ বগুড়া-৬ | সদস্য |
| ১০. | বেগম খাদিজাতুল আনোয়ার | ৩০৬ মহিলা আসন-৬ | সদস্য |

**সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
২. সচিব, বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষন, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. সভাপতি মহোদয়ের একান্ত সচিব, অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সিএস) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৪. উপ-সচিব (এফওসি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৫. অফিস রেকর্ড।

Begum ১৫-০৩-২১
(ফারহানা বেগম)
সিনিয়র কমিটি অফিসার
ফোন: ৮১৭১৩৭৯ ইন্টারকম: ৩৪৩৮
Email: committee.3@parliament.gov.bd

সচিবের দপ্তর
প্রাপ্তি তারিখ 18 MAR 2021
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন)
☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন)
☐ অতিরিক্ত সচিব (বন্দর)
☐ অতিরিক্ত সচিব (সংস্থা-১)
☐ অতিরিক্ত সচিব (সংস্থা-২)
☐ সচিবের একান্ত সচিব
সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়
সচিব এর দপ্তর
18 MAR 2021
ডায়রী নং A-৮৭০

যুগ্মসচিব (প্রশা ও বাজেট) এর দপ্তর
ডায়েরী নং ২৭৬
তারিখ ২২/৩/২১
☐ উপসচিব/সিসস (প্রশাসন)
☐ উপসচিব/সিসস (নৌ/প্রশি)
☑ উপসচিব/সিসস (সমন্বয়)
☐ উপসচিব/সিসস (বাজেট)
☐ সি. এনালিষ্ট/প্রোগ্রামার
☐ ব্যক্তিগত কর্মকর্তা

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-৩
www.parliament.gov.bd

**বিষয় : 'অনুমিত হিসাব' সম্পর্কিত কমিটি'র ১২তম বৈঠকের কার্যবিবরণী।**

**তারিখ** : ১০-০২-২০২১ খ্রিষ্টাব্দ।

**সময়** : বুধবার, বেলা ১১.০০ ঘটিকা।

**স্থান** : ১নং স্থায়ী কমিটি কক্ষ, পশ্চিম ব্লক, ২য় লেভেল, সংসদ ভবন, ঢাকা।

**সভাপতি** : জনাব মোঃ আব্দুস শহীদ (সংসদ-সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪)।

২.০। বৈঠকে কমিটির নিম্নলিখিত মাননীয় সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

| ক্রমিক নং | মাননীয় সদস্যের নাম | পদবি | নির্বাচনি এলাকা |
|---|---|---|---|
| ১। | জনাব নূর-ই-আলম চৌধুরী | সদস্য | ২১৮ মাদারীপুর-১ |
| ২। | জনাব এ বি তাজুল ইসলাম | সদস্য | ২৪৮ ব্রাহ্মণবাড়িয়া-৬ |
| ৩। | জনাব ফজলে হোসেন বাদশা | সদস্য | ৫৩ রাজশাহী-২ |
| ৪। | জনাব আহসান আদেলুর রহমান | সদস্য | ১৫ নীলফামারী-৪ |
| ৫। | বেগম খাদিজাতুল আনোয়ার | সদস্য | ৩০৬ মহিলা আসন-৬ |

৩.০। কমিটিকে সহায়তা প্রদানের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সিলেট জেলা সড়ক প্রকল্প, ম্যাস র‍্যাপিড ট্রানজিট অথরিটির ঊর্ধ্বতন কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

৪.০। কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের উপসচিব (এফওসি) ও কমিটি সচিব জনাব মোঃ ফয়সাল মোর্শেদ, সিনিয়র কমিটি অফিসার ফারহানা বেগম, সহকারী পরিচালক (রিপোর্টিং) জনাব এইচ.এম. আলী আকবর, সহকারী পরিচালক (রিপোর্টিং) জনাব মোঃ আল-আমিন, সহকারী পরিচালক (গণসংযোগ) জনাব মুহাঃ শফিউল আলমসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

৫.০। সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**৬.০। ১১তম বৈঠকের কার্যবিবরণী নিশ্চিতকরণ:**

৬.১। সভাপতি কার্যবিবরণী নিশ্চিতকরণের আহ্বান জানালে উপসচিব ও কমিটি সচিব গত সভায় গৃহীত সুপারিশসমূহ পাঠ করে শোনান। অতঃপর কোনো সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিতকৃত হয়।

**৭। নৌপরিবহন মন্ত্রণালয়ের (সকল সংস্থাসহ) চলমান প্রকল্পের উপর আলোচনা:**

**নৌপরিবহন মন্ত্রণালয়:**

মন্ত্রণালয়ের সচিব বলেন যে, এ মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন সংস্থায় ৫২টি প্রকল্পের মধ্যে এডিপিভুক্ত প্রকল্প ৪৩টি এবং নিজস্ব অর্থায়নে ৯টি প্রকল্প চলমান আছে। তিনি জানুয়ারি/২০২১ পর্যন্ত এডিপিভুক্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি শতকরা ২৮.৩৪ ভাগ মর্মে কমিটিকে অবহিত করেন।

৭.১। সভাপতি উপস্থিত মাননীয় সদস্যবৃন্দকে ২৫%-এর কম অগ্রগতিসম্পন্ন প্রকল্পসমূহ আলোচনার আহ্বান জানান। যে মন্ত্রণালয়কে স্থায়ী কমিটির বৈঠকে ডাকা হবে তা আইএমইডি কর্তৃক প্রকল্পসমূহ পর্যবেক্ষণের সর্বশেষ রিপোর্ট কমিটিতে প্রেরণের পরামর্শ দেন। ৪টি মেরিন একাডেমি স্থাপন প্রকল্প বাস্তবায়নের দীর্ঘসূত্রিতার কারণ অনুসন্ধানে মাননীয় সভাপতি যুগ্মসচিব পদমর্যাদা কর্মকর্তা এবং অন্যান্য সংস্থার প্রতিনিধির সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করে আগামী ২ মাসের মধ্যে প্রতিবেদন প্রদানের পরামর্শ দেন। তিনি মন্ত্রণালয়ের অধীনে যে-সমস্ত প্রকল্পের অগ্রগতি কম, সেগুলোর কাজের গতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট বিভাগ প্রধানদের গুরুত্বসহকারে কাজ করার পরামর্শ দেন।

৭.২। মাননীয় সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী ৪টি মেরিন একাডেমির স্থাপন প্রকল্প বাস্তবায়ন পরবর্তী আরও মেরিন একাডেমি নির্মাণের পরিকল্পনা, বর্তমানে মেরিন একাডেমিতে ছাত্র ভর্তির সংখ্যা, বিদ্যমান শিক্ষাব্যবস্থায়-এর চাহিদার বিষয় সম্পর্কে জানতে চান। তিনি নৌখাতে চাকরির সুযোগ-সুবিধা বৃদ্ধির পাশাপাশি এ খাত থেকে অধিক পরিমাণে রেমিট্যান্স ও বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভবপর হবে বলে মত প্রকাশ করেন। এ প্রকল্প বাস্তবায়নে যেখানে সর্বোচ্চ ৪-৫ বছর সময়ের প্রয়োজন, সেখানে প্রায় ১ যুগ সময় অতিবাহিত হওয়ার পরেও প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। তিনি মাননীয় সভাপতির সাথে একমত পোষণ করে মন্ত্রণালয় কর্তৃক তদন্ত কমিটি গঠনের প্রস্তাব করেন।

৭.৩। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম বলেন যে, দু' একটি প্রতিষ্ঠান নির্মাণে সময় বেশি প্রয়োজন হওয়ার যৌক্তিকতা থাকতে পারে কিন্তু একসাথে ৪টি একাডেমি বাস্তবায়নের দীর্ঘসূত্রিতা মেনে নেয়া যায় না। তিনি এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের যথাযথভাবে দায়িত্ব পালনের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।

৭.৪। মাননীয় সদস্য বেগম খাদিজাতুল আনোয়ার যাদের কারণে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হচ্ছে, তাদের চিহ্নিত করার ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে বলে মতামত ব্যক্ত করেন।

৮। **বিআইডব্লিউটিএ:**

৮.১। মাননীয় সদস্য জনাব আহসান আদেলুর রহমান বলেন যে, কার্যপত্রে উল্লিখিত ১১নং প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই/২০১৮ থেকে জুন/২০২১ পর্যন্ত। তিনি এ প্রকল্পটি একনেকে ২০১৫ সালে অনুমোদিত হওয়ার পরেও প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.২৫% এবং বাস্তব অগ্রগতি কেবল ১.৩৪% হওয়ার কারণসমূহ জানতে চান।

৮.২। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম নাব্যতা সংরক্ষণে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ প্রকল্প গ্রহণের কথা উল্লেখ করে বলেন যে, নদী খননে নৌবাহিনীর নিজস্ব ড্রেজার না থাকা সত্ত্বেও কার্যাদেশ দেওয়ার পরিপ্রেক্ষিতে বেসামরিক ঠিকাদারের কাছে টেন্ডার দেওয়ার কি। তিনি ড্রেজিংয়ে বালু/মাটি উত্তোলনের পর অগ্রাধিকাভিত্তিতে তা স্কুল, মাদ্রাসা, ঈদগামাঠ, কবরস্থান-এগুলো প্রাধান্য দেওয়ার পরে সাধারণ মানুষের কাছে বিক্রির পরামর্শ দেন। কারণ সাধারণ মানুষের কাছে মাটি কিংবা বালু বিক্রির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয় এবং বড় ধরনের দুর্ঘটনা ঘটে থাকে। তিনি নদীতে নাব্যতার কারণে মিঠা পানির মাছের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মরতদের ধন্যবাদ জানান। নদী খননের জন্য সাধারণত যে ড্রেজার ব্যবহার করা হয়, তা গ্লোব মেইনটেইন করে না মর্মে উল্লেখ করে বলেন, যেখানে বালু পায় সেখান থেকেই অধিক পরিমাণে বালু সংগ্রহ করার ফলে বিশাল গর্তের সৃষ্টি হচ্ছে এতে প্রাকৃতিক দুর্যোগের সময়-এর প্রভাব পরিলক্ষিত হয়। নদী খননের সাথে যে-সমস্ত বিভাগের সংশ্লিষ্টতা আছে তিনি তাদের সমন্বয়ের পরামর্শ দেন। তিনি এখন পর্যন্ত নৌপরিবহনই সস্তা উল্লেখ করে বলেন, নদীতে ব্রিজ নির্মাণের ক্ষেত্রে

ব্রিজের নিচ দিয়ে স্বাভাবিকভাবে নৌযানসমূহ চলাচল করতে পারে সে বিষয়ে দৃষ্টি দেওয়ার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি নদীতে ব্রিজ নির্মাণের ক্ষেত্রে বিআইডব্লিউটি-এর কাছে অনুমোদন নিয়ে ব্রিজ নির্মাণের বিষয়টিকে সাধুবাদ জানান। তিনি সড়কপথে যোগাযোগের ক্ষেত্রে নদীতে নতুন ব্রিজ নির্মাণে বিআইডব্লিউটিএ-এর ছাড়পত্র ব্যতীত ব্রিজের নকশা যাতে পাস করতে না পারে, সে বিষয়টিতে যথাযথ ভূমিকা পালনের পরামর্শ দেন।

৮.৩। সভাপতি সরকারি অর্থ সঠিকভাবে ব্যয়, যথাসময়ে কাজ সম্পাদন, জবাবদিহিতা নিশ্চিত করে টেকসই অর্থনীতি গড়ার পরামর্শ দেন। তিনি নৌযান স্বাভাবিকভাবে চলাচলের জন্য নদীর নাব্যতা রক্ষায় কার্যকর ও বাস্তবভিত্তিক উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন।

৮.৪। মাননীয় সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী বলেন, বিআইডব্লিউটিএ প্রকল্পসমূহের কাজের ধরন হচ্ছে ; ড্রেজিং মেশিন ক্রয় করা, ড্রেজিং করা এবং নদীর জায়গা উদ্ধারের পাশাপাশি নৌবন্দরকে সচল রাখা। মাননীয় সদস্য নদীর সীমানা চিহ্নিত করার জন্য মন্ত্রণালয়কে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি নৌবন্দর নির্মাণের ক্ষেত্রে কার্যপত্রে উল্লিখিত ৮নং প্রকল্পে আর্থিক ব্যয়ের সাথে বাস্তব অগ্রগতি একই হওয়ার কারণ সম্পর্কে জানতে চান এবং এ প্রকল্পের সঠিক তথ্য সরবরাহ করা হয়নি মর্মে সন্দেহ প্রকাশ করেন। তিনি বড় প্রকল্পসমূহ দুটি পর্যায়ে বাস্তবায়ন। প্রথম পর্যায়ে জমি অধিগ্রহণ, মাটি ভরাট, সীমানা নির্ধারণ এবং দ্বিতীয় পর্যায়ে প্রকল্পের উন্নয়ন কাজ বাস্তবায়নের পরামর্শ দেন। এক্ষেত্রে প্রকল্পের সময়ও বৃদ্ধি পাবে না এবং সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়ন হবে মর্মে তিনি অভিমত প্রকাশ করেন। তিনি বলেন নাব্যতা সংকটের কারণে মাওয়া-কাউরাকান্দি ঘাটে ফেরি চলাচল অনেক দিন বন্ধ ছিল। অনেকগুলো ড্রেজার থাকার পরেও রুটটি চালু রাখা সম্ভবপর হয়নি এবং বিগত ১ যুগে এ ধরনের ঘটনা ঘটেনি। তিনি বারবার একই ধরণের ড্রেজার ক্রয়ের কারণ এবং হপার ড্রেজার ক্রয়ের বিষয়ে জানত চান। এ বিষয়ে বিআইডব্লিউটিএর চেয়ারম্যান বলেন, হপার ড্রেজার কেনার বিষয়টি বর্তমান টেন্ডার প্রক্রিয়ার মধ্যে অন্তর্ভুক্ত আছে। মাননীয় সদস্য বলেন যে, পদ্মা এক্সপ্রেসওয়ে, রেলওয়ে, মেগাপ্রকল্পে অনেক বালুর প্রয়োজন হওয়া সত্ত্বেও ড্রেজিংয়ের বালু সরকারি প্রকল্পে সরবরাহ করা হচ্ছে না, ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাচ্ছে। তিনি ড্রেজিংয়ের বালু প্রকল্পে সরবরাহের পরামর্শ দেন এবং এতে প্রকল্পের ব্যয় কম হবে মর্মে তিনি মত প্রকাশ করেন। তিনি ড্রেজিং মেশিন ক্রয় সরকারের একটি বড় প্রকল্প উল্লেখ করে বলেন, ড্রেজার মেশিন কেনার ক্ষেত্রে বিআইডব্লিউকে আরও সজাগ হতে হবে এবং তিনি এ ইউনিটকে শক্তিশালী করে বৃহৎ বন্দরগুলিকে মানুষের ব্যবহারের জন্য আন্তর্জাতিকমানের সুযোগ-সুবিধা বৃদ্ধির পরামর্শ দেন। নদীখননে ড্রেজিংয়ের ক্ষেত্রে সঠিকভাবে নকশা প্রণয়নের গুরুত্বারোপ করে তিনি বলেন যে, নদীর সম্মুখভাগ খনন না করে ভিতরের দিকে খনন করা হচ্ছে, ফলে নদী খননের সুফল পাওয়া যাচ্ছে না। তিনি আড়িয়াল খাঁ নদী, ময়নাকাটা ছোট খালের ড্রেজিং নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। তিনি ড্রেজিংয়ের ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক সঠিকভাবে কাজের তদারকি ও জবাবদিহিতার পরামর্শ দেন। পদ্মা সেতু চালু হলে ভোলা, বরিশাল নৌরুটে সুযোগ-সুবিধা বৃদ্ধির পরামর্শ দেন, অন্যথায় নৌপথ ব্যবহারে মানুষ নিরুৎসাহিত হবে এবং রেমিট্যান্সের পরিমাণ কমে যাবে মর্মে মত প্রকাশ করেন।

৮.৫। মাননীয় সদস্য জনাব ফজলে হোসেন বাদশা বলেন, বাংলাদেশ-ভারত বাণিজ্য করার লক্ষ্যে রাজশাহীর বিপরীতে ভারতে একটি বন্দর নির্মাণ হচ্ছে। পদ্মা নদী ব্যবহার করে যে-সমস্ত পণ্য আসবে তা ঢাকা পর্যন্ত পৌছাবে। তিনি বলেন গোদাগাড়ী থেকে রূপপুর পর্যন্ত ড্রেজিং করা হলে মোংলাবন্দর পর্যন্ত সংযোগ স্থাপন করা সম্ভবপর হবে তাই এ ধরনের কোনো পরিকল্পনা আছে কিনা; এ বিষয়ে জানতে চান। মন্ত্রণালয়ের সচিব বলেন, রাজশাহীর গোদাগাড়ী এবং ভারতের মায়াবন্দর নৌরুটটি চালু করার চেষ্টা করা হচ্ছে। তিনি ভারতের বারাণসী পর্যন্ত নৌচলাচল বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্বারোপ করে বলেন, বাংলাদেশ অংশে ১২ কিলোমিটার ড্রেজিংয়ের প্রয়োজন এবং এ লক্ষ্যে বিআইডব্লিউটিএর চেয়ারম্যান ইতোমধ্যে রাজশাহী পরিদর্শন করে এসেছেন। এছাড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিবের নেতৃত্বে একটি প্রতিনিধিদল ভারতে যাচ্ছে যা, ভারতের বারাণসী পর্যন্ত নদীর নাব্যতা ব্যবহারে করা যাবে কিনা; তা পর্যালোচনা করে রিপোর্ট প্রদানের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে কমিটিকে অবহিত করেন।

বিআইডব্লিউটিএর চেয়ারম্যান বলেন, রাজশাহীর গোদাগাড়ীতে যে বন্দর আছে, সেখানে ল্যান্ডিং স্টেশন করার মতো জায়গা আছে। শুধুমাত্র তিন কিলোমিটার ড্রেজিং করা হলে গোদাগাড়ী পর্যন্ত মালপত্র আসতে পারবে। মোংলা থেকে রূপপুর, পাকশী পর্যন্ত ড্রেজিং কার্যক্রম অব্যাহত আছে। তিনি রূপপুর থেকে গোদাগাড়ী পর্যন্ত ড্রেজিং সম্পন্ন হলে ঢাকার আরিচা পর্যন্ত নৌরুট ব্যবহার করা সম্ভবপর হবে মর্মে কমিটিকে অবহিত করেন। এক্ষেত্রে কাস্টমসের বিষয়টি গুরুত্বপূর্ণ, কাস্টমস থেকে শুল্ক ছাড়ের চিঠি পেলে পরবর্তীতে পরীক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি কমিটিকে জানান।

৮.৬। মন্ত্রণালয়ের সচিব এক প্রশ্নের জবাবে বলেন যে, বর্তমানে ড্রেজিং মেশিন ক্রয়ে ক্ষেত্রে উন্মুক্ত টেন্ডার দেওয়া হবে যাতে দেশি/আন্তর্জাতিক প্রতিষ্ঠান অংশগ্রহণ করতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে মর্মে কমিটিকে অবহিত করেন।

৮.৭। প্রশ্নের জবাবে বিআইডব্লিউটিএ চেয়ারম্যান বলেন, টেন্ডার প্রক্রিয়ায় চুক্তি স্বাক্ষর হওয়ার পর নতুন করে ড্রেজার তৈরিতে ১৮ মাস এবং সহায়ক জলযানসমূহ ১২ মাসের মধ্যে সরবরাহ হবে। তিনি তিতাস নদীখননের বিষয়টি সঠিকভাবে যাচাই করার বিষয়ে আশ্বস্ত করেন। আরেক প্রশ্নের জবাবে সরকারি নির্বাচনি ইশতেহার ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার বিষয়সমূহ অন্তর্ভুক্ত আছে মর্মে মত প্রকাশ করেন। নদীর নাব্যতা রক্ষায় ১০০০০ কিলোমিটারের মধ্যে ২৩০০ কিলোমিটার নৌপথ উদ্ধার হয়েছে এবং শীত মৌসুমে ৬০০০ কিলোমিটারের বেশি নৌপথ বর্তমানে ব্যবহৃত হচ্ছে মর্মে তিনি কমিটিকে অবহিত করেন। তিনি বিভিন্ন প্রতিষ্ঠানের সমন্বয়ে নদীর নাব্যতা রক্ষার সমীক্ষায় ১৭৮টি নদীর জন্য বিআইডব্লিউটিএ এবং ৩১৩টি নদীর নাব্যতার জন্য পানি উন্নয়ন বোর্ড কাজ করছে মর্মে কমিটিকে অবহিত করেন।

৯। বিআইডব্লিউটিসি:

৯.১। সভাপতি বিআইডব্লিউটিসি কর্তৃক ৪টি কনটেইনার জাহাজ পরিচালনার আয়-ব্যয়ের তথ্য দুই মাসের মধ্যে এ কমিটিতে প্রেরণের প্রস্তাব করেন এবং এর আলোকে সুপারিশ প্রদান করা হবে মর্মে অভিমত ব্যক্ত করেন।

৯.২। মাননীয় সদস্য জনাব নুর-ই-আলম চৌধুরী কার্যপত্রে উল্লিখিত বিআইডব্লিউটিসির ৩৫টি বাণিজ্যিক জলযান সম্পর্কে জানতে চান। এ প্রকল্পের মধ্যে ফেরি ক্রয়, পদ্মা ব্রিজ চালু হলে নতুন ফেরির প্রয়োজনীয়তার বিষয়ে জরিপ করা হয়েছে কিনা; সে-বিষয়ে জানতে চান। তিনি বলেন যে, স্বাধীনতা পরবর্তী নৌযানসমূহ চার্টারের মাধ্যমে পরিচালিত হচ্ছিল এবং বর্তমানে তা অব্যাহত আছে। এতে যা ভাড়া পাওয়া যাচ্ছে তাতে জাহাজের রক্ষণাবেক্ষণের খরচও উঠে না মর্মে তিনি মত প্রকাশ করেন। প্রতিষ্ঠানটির অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও চারটি কনটেইনার জাহাজ পরিচালনায় বিআইডব্লিউটিসি সমালোচনা করে লাভজনক ছাড়া নতুন নতুন নৌযান বানানোর প্রকল্প গ্রহণ করতে নিরুৎসাহিত করেন এবং প্রাইভেট সেক্টরের সাথে প্রতিযোগিতা করার মতো সক্ষমতার বিষয়সহ সম্ভাব্যতা যাচাই করে বাণিজ্যিক জাহাজ নির্মাণের পরামর্শ দেন। তিনি বাংলামটর ফেয়ারলি হাউস ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ হওয়ায় প্রকল্প গ্রহণের পূর্বে সরকারের অনুমতি গ্রহণের পরামর্শ দেন।

৯.৩। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম, বিআইডব্লিউটিসির বাংলামটর ফেয়ারলি হাউসে বাণিজ্যিক প্রকল্প গ্রহণের পূর্বে সরকারের অনুমতি নিয়ে সম্ভাব্যতা যাচাই করার পরামর্শ দেন। তিনি বলেন বাণিজ্যিকভাবে সরকারি প্রতিষ্ঠান জাহাজ পরিচালনা করলে সরকারের আসল উদ্দেশ্য ব্যহত হবে। তিনি সরকারি প্রতিষ্ঠানসমূহকে ব্যবসা থেকে দূরে থাকার পরামর্শ দেন কারণ প্রাইভেট কোম্পানির সাথে প্রতিযোগিতায় সরকারি প্রতিষ্ঠান লোকসানে থাকে। কাজেই সরকারি প্রতিষ্ঠান ব্যবসায় জড়িত না হয়ে প্রাইভেট কোম্পানিকে পলিসি সাপোর্ট দিয়ে দক্ষতার সাথে যেন পরিচালনা করতে পারে, তার তদারকি সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে যেন হয়--এ বিষয়ে পরামর্শ দেন।

৯.৪। সংশ্লিষ্ট প্রশ্নের জবাবে বিআইডব্লিউটিসির চেয়ারম্যান ৩৫টি বাণিজ্যিক জলযান সংগ্রহ প্রকল্পের ৩টি আইটেম ব্যতীত অন্যান্য জলযানসমূহ ক্রয়ে দরপত্র আহ্বানের পরিপ্রেক্ষিতে চুক্তি সম্পন্ন হয়েছে মর্মে কমিটিকে অবহিত করেন। অপর এক প্রশ্নের জবাবে

বলেন, ইতোমধ্যে আরিচা ও পাবনার কাজিরহাট রুটে নতুন ফেরি চলাচলের সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে এবং এ রুটে ৬টি ফেরি চলবে। পদ্মা সেতু চালু হলে চাঁদপুর, শরিয়তপুর, ভোলা, লক্ষীপুর অঞ্চলে ফেরির সংখ্যাও বৃদ্ধি পাবে মর্মে কমিটিকে তিনি অবহিত করেন।

৯.৫। অপর এক প্রশ্নের জবাবে চীফ প্ল্যানিং ম্যানেজার বলেন, ৫ দিলকুশায় বিআইডব্লিউটিসির অফিসকে ১৭ তলা বিশিষ্ট অফিস-কাম-বাণিজ্যিক ভবন নির্মাণের প্রকল্প ছিল কিন্তু প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন না পাওয়ার কারণে তা বাস্তবায়ন করা যায়নি। এ প্রকল্পে নিজস্ব অর্থায়নে শুধু একটি ডবল ক্যাবিন পিকআপ ক্রয় করা হয়েছিল, নির্মাণে কোন টাকা ব্যয় হয়নি মর্মে তিনি কমিটিকে অবহিত করেন।

১০। **বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ:**

সভাপতি ভারতের সাথে আমদানি-রপ্তানি বৃদ্ধি পাওয়ায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি সম্পর্কে জানতে চান। জমি অধিগ্রহণে ক্ষতিপূরণের বিষয়ে মাননীয় সদস্যের সাথে একমত পোষণ করে সঠিক সময়ে প্রকল্পের জমি অধিগ্রহণের করা না হলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাবে মর্মে মত প্রকাশ করেন।

১০.১। মাননীয় সদস্য জনাব নুর-ই-আলম চৌধুরী বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কার্যপত্রে উল্লিখিত প্রকল্পের সঠিক তথ্য প্রদান করা হয়নি মর্মে মত প্রকাশ করেন। তিনি কার্যপত্রে উল্লিখিত অধিকাংশ প্রকল্পের সময়ক্ষেপণ, আর্থিক ও বাস্তব অগ্রগতি একই হওয়ার কারণ সম্পর্কে জানতে চান। তিনি বলেন প্রকল্প গ্রহণের সময় জমি অধিগ্রহণে পূর্বে ১.৫ গুণ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নিয়ম ছিল কিন্তু বর্তমানে তা বৃদ্ধি পেয়ে ৩ গুণ করা হয়েছে। এক্ষেত্রে সঠিক সময়ে জমি অধিগ্রহণ না করলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাচ্ছে। তিনি স্থলবন্দর কর্তৃপক্ষের চলমান প্রকল্পসমূহ বাস্তবায়নের দীর্ঘসূত্রিতায় অসন্তোষ প্রকাশ করে মন্ত্রণালয় কর্তৃক তদারকির ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন।

১০.২। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম বলেন, সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়ন না হলে দেশের ক্ষতি হয়। জমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতা কথা বিবেচনা করে প্রকল্প বাস্তবায়নের সময়সীমা নির্ধারণের বিষয়ে পরামর্শ দেন।

১০.৩। পরিচালক (পরিকল্পনা) প্রশ্নের জবাবে বলেন, কার্যপত্রে উল্লিখিত বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ৬নং প্রকল্পে জমি অধিগ্রহণে ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল কিন্তু জমির শ্রেণি পরিবর্তন করায় ক্ষতিপূরণে জটিলতার সৃষ্টি হয়েছে এবং বিষয়টি সুরাহা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করেন। তিনি বলেন অন্যান্য প্রকল্পে শুধু জমি অধিগ্রহণের টাকা প্রদান করা হয়েছে, যা কার্যপত্রে বাস্তব অগ্রগতিতে দেখানো হয়েছে বিধায় প্রকল্পের আর্থিক ব্যয় ও বাস্তব অগ্রগতি একই।

১১। **ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট :**

১১.১। সভাপতি ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের চলমান প্রকল্প সম্পর্কে জানতে চাইলে মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে সিমুলেটর ক্রয়ের কার্যাদেশ দেওয়া হয়েছে এবং এ প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা হবে না মর্মে কমিটিকে আশ্বস্ত করেন।

১২। **মংলা বন্দর কর্তৃপক্ষ :**

১২.১। সভাপতি মংলাবন্দর কর্তৃপক্ষের চলমান প্রকল্পের কর্মকাণ্ডকে আরও গতিশীল করার পরামর্শ দেন। আর্থিক ব্যয় এবং সঠিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়িত হলে অর্থনৈতিক কর্মকাণ্ড আরও গতিশীল হবে মর্মে মত প্রকাশ করেন।

১২.২। মংলাবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন, বর্তমানে ৯টি প্রকল্প চলমান আছে। তিনি প্রতিটি প্রকল্পের বাস্তব অগ্রগতির সারসংক্ষেপ তুলে ধরেন। তিনি বলেন, মংলাবন্দরে ড্রেজিংয়ের টাকা জিওবির মাধ্যমে পরিশোধিত হয়। গভীর সমুদ্রবন্দর ড্রেজিংয়ের ক্ষেত্রে টেকনিক্যালি কতগুলো সিগম্যান্ট অনুযায়ী ড্রেজিং করা হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন। একসাথে ড্রেজিংয়ের কাজ করা হলে স্বাভাবিক নেভিগিয়েশন ব্যহত হবে মর্মেও তিনি কমিটিকে অবহিত করেন। তিনি আরেক প্রশ্নের জবাবে বলেন,

জেটির পাশে যে জায়গা আছে তা সাইফ পোর্ট পিপিপি'র মাধ্যমে বাস্তবায়ন করছে এবং আরও দুটি জেটি নির্মাণে পিপিপি'র মাধ্যমে চুক্তি হওয়ার পাশাপাশি ভবিষ্যতে আরও ৬টি জেটি নির্মাণ করা হবে।

১২.৩। মাননীয় সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী বলেন পদ্মা ব্রিজ চালু হওয়ার পরে যখন গভীর সমুদ্রবন্দর হবে তখন- মংলাবন্দরের গুরুত্ব আরও বৃদ্ধি পাবে মর্মে মত প্রকাশ করেন। মাতারবাড়ি এবং পদ্মা ব্রিজের আলোকে মংলাবন্দরকে আধুনিকীকরণের পরিকল্পনা গ্রহণের পরামর্শ দেন। তিনি মংলাবন্দরের কিছু জমি লিজ নিয়ে পরবর্তী কারখানা নির্মাণ বিষয়ে জানতে চান এবং মূল জেটিকে দ্রুতসময়ের মধ্যে ব্যবহারের উপযোগী করার পরামর্শ দেন।

১২.৪। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম বলেন, পদ্মা সেতুর চালু হওয়ার সাথে সাথে মংলাবন্দরের কর্মকাণ্ড অনেকগুণ বৃদ্ধি পাবে। এছাড়া নেপালের সাথে ভারত ট্রানজিট ব্যবহারের অনুমতি দেওয়ায় মালামাল পরিবহনে মংলাবন্দর ব্যবহার করা হবে। কাজেই তিনি মংলাবন্দরকে আধুনিকীকরণ এবং পরবর্তীতে যে-কেউ যেন এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে পারে তার পরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

১৩। **চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ:**

১৩.১। মাননীয় সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী চট্টগ্রাম বন্দরকে অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি হিসেবে উল্লেখ করে বলেন, যেভাবে আমদানি-রপ্তানি বৃদ্ধি পাচ্ছে এবং মাতারবাড়ি প্রকল্প শেষ হলে-এর গুরুত্ব আরও বৃদ্ধি পাবে। তিনি লালদিয়া বে-টার্মিনাল নির্মাণ প্রকল্প বাতিলের কারণ সম্পর্কে জানতে চান।

১৩.২। সভাপতি যোগ্যতার আলোকে সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়িত হলে দেশ ও জনগণের কাজে লাগবে বলে মত প্রকাশ করেন।

১৪। **সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সিলেট জেলা সড়ক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচনা:**

১৪.১। সভাপতি সিলেট বিভাগের জেলা সড়ক প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি এবং টেন্ডার কার্যক্রম সম্পর্কে জানতে চান। প্রকল্পে ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক মানসম্মত কাজ, যথাসময়ে বাস্তবায়ন না হলে ঠিকাদারি প্রতিষ্ঠানের জবাবদিহিতার আওতায় আনার বিষয়ে জানতে চান। তিনি প্রকল্প বাতিল না করে সঠিক সময়ে প্রকল্প বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।

১৪.২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী সিলেট জেলা সড়ক উন্নয়ন সংশোধিত প্রকল্পটির জিও জারি হয়েছে মর্মে জানান। দ্রুত সময়ে দুটি প্যাকেজে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হতে অতিরিক্ত ৬ মাস প্রয়োজন হতে পারে মর্মে তিনি জানান। এছাড়া যথাযথ কারণ ছাড়া প্রকল্পের মেয়াদ, সময় বৃদ্ধি করা হবে না এবং ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে প্রকল্পের কাজ সম্পন্ন না করলে শাস্তির ব্যবস্থা করা হবে মর্মে কমিটিকে অবহিত করেন।

১৪.৩। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম, টেন্ডার মূল্যায়নের সময় ঠিকাদারি প্রতিষ্ঠানের সক্ষমতা যাচাই, কোন কোন দপ্তরে কাজ করেছে, টেন্ডার পাওয়ার পরে সঠিক সময়ে বাস্তবায়নের সক্ষমতা কতটুকু এগুলো যাচাই করা হয় কিনা; এ বিষয় সম্পর্কে জানতে চান।

১৪.৪। মহাসড়ক বিভাগের প্রধান প্রকৌশলী কোনোভাবেই প্রকল্পের মেয়াদ এবং ব্যয় বৃদ্ধি, ঠিকাদারি প্রতিষ্ঠান যেন সঠিক সময়ে কাজটি সম্পন্ন করে-এ বিষয়ে কঠোর অবস্থানে থাকার কথা জানান। তিনি প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন না করলে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করেন। এক ঠিকাদারি প্রতিষ্ঠানের কাজ অন্য ঠিকাদরি প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন হওয়ায় কিছু জটিলতার সৃষ্টি হয়-এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে কমিটিকে অবহিত করেন।

১৫। **ম্যাস র‍্যাপিড ট্রানজিট অথরিটির চলমান প্রকল্প এমআরটি-৫ (নর্দান), এমআরটি-৫ (সাউদার্ন) এবং এমআরটি-৬ প্রকল্পের সর্বশেষ অগ্রগতি নিয়ে আলোচনা:**

১৫.১। ম্যাস র‍্যাপিড ট্রানজিট অথরিটির ম্যানেজিং ডিরেক্টর চলমান প্রকল্প সম্পর্কে কমিটিকে অবহিত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনযায়ী যে-জায়গা উন্নয়ন হয়ে গেছে সেখানে মাটির নিচে এবং নতুন শহরে ঝিলমিল, পূর্বাচলের দিকে উড়াল মেট্রোরেল চালু করা হবে মর্মে কমিটিকে অবহিত করেন। ঢাকা মহানগরীর জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে পরিধিও বাড়বে সেক্ষেত্রে প্রয়োজন অনুসারে যেন মাটির নিচে দিয়েও যাওয়া যায়-এরকম প্রভিশন রেখে এমআরটি লাইন ১-এর কাজ শুরু হয়েছে মর্মে কমিটিকে অবহিত করেন।

১৫.২। মাননীয় সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী এমআরটি লাইন-১, এমআরটি লাইন-২ প্রকল্প দুটি বাস্তবায়নের মাঝে গ্যাপ রাখা ও এমআরটি লাইন-৩ না থাকার কারণ সম্পর্কে জানতে চান। তিনি মেট্রোরেল প্রকল্পের নাম্বারিংয়ের ক্ষেত্রে সাধারণ মানুষের যাতে বোধগম্য হয় সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। প্রশ্নের জবাবে ম্যাস র‍্যাপিড ট্রানজিট অথরিটির ম্যানেজিং ডিরেক্টর বলেন, এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-২ প্রকল্প বাস্তবায়ের গ্যাপ দেওয়ার কারণ হচ্ছে ঢাকাশহরবাসীর ওপর যাতে চাপ না পরে। আরএসপির সুপারিশ ছিল এমআরটি লাইন-৩, বিআরটি করার ক্ষেত্রে সড়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের কাজ চলছে মর্মে জানান। তিনি প্রকল্পের নাম্বারিংয়ের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করেন। মাননীয় সদস্য এমআরটি লাইন-৫ নর্দান রুট প্রকল্পটির সম্ভাব্যতা যাচাইয়ের সময় জালালাবাদ ইন্ডাস্ট্রি, মসজিদসহ গুরুত্বপূর্ণ স্থাপনার বিষয়গুলোকে বিবেচনার প্রাধান্য দেওয়া উচিত ছিল মর্মে মত প্রকাশ করেন। তিনি বলেন এ প্রকল্প ইন্ডাস্ট্রির মধ্য দিয়ে যায় আর ইন্ডাস্ট্রি কর্তৃক মামলা হলে প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হবে। অন্যদিকে শিল্প প্রতিষ্ঠানটির বিরাট অংকের ক্ষতিপূরণ সরকারি কোষাগার হতে বহন করতে হবে। তিনি জাতীয় স্বার্থে প্রতিষ্ঠিত বৃহৎ শিল্প প্রতিষ্ঠান জালালাবাদ মেটাল লিমিটেড রক্ষা করা এবং বিপুল পরিমাণ আর্থিক ক্ষতিসাধন না করে প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের স্বার্থ বিবেচনা করে ডিপো নির্মাণ করার জন্য পরামর্শ প্রদান করেন।

১৫.৩। মাননীয় সদস্য জনাব এ বি তাজুল ইসলাম সরকার থেকে সরকারের পিপিপি কার্যক্রম এ বিষয় সম্পর্কে জানতে চান।

১৫.৪। সভাপতি এমআরটি লাইন-৫: নর্দান রুটের প্রকল্প সম্পর্কে বলেন জালালাবাদ কোম্পানির ৮ একর জমি অধিগ্রহণ করা হচ্ছে। এই ৮ একর জমির মধ্যে ২.৩ একরে তাদের ফ্যাক্টরি আছে। তিনি ফ্যাক্টরির অংশ যাতে ক্ষতিগ্রস্ত না হয়ে বিকল্প জায়গা হিসেবে পাশের খালি জায়গা ব্যবহার করার যায় সে বিষয় পরামর্শ দেন। কারণ ফ্যাক্টরি ভাঙলে যে ক্ষতিপূরণ দেওয়া হবে তা সরকারের পক্ষে বোঝাস্বরূপ হবে মর্মে মত প্রকাশ করেন। তিনি ফ্যাক্টরি না ভেঙে প্রকল্প বাস্তবায়নের কোন সুযোগ আছে কিনা; সে সম্পর্কে জানতে চান। তিনি জালালাবাদ ফ্যাক্টরির আবেদন বিবেচনায় করে, সে ব্যাপারে বিচক্ষণ ও আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ দেন।

১৬। **বিবিধ :**

১৬.১। মাননীয় সদস্য জনাব নূর-ই-আলম চৌধুরী বলেন সংসদ একটি গুরুত্বপূর্ণ জায়গা হওয়া সত্ত্বেও সংসদ ভবন থেকে ন্যাম ভবন অর্থাৎ মানিক মিয়া এভিনিউ আন্ডারপাস প্রজেক্টের নকশা বেশ কয়েকবার মাননীয় স্পীকারকে দেখানোর পরেও বাস্তবায়নের দীর্ঘসূত্রিতার কারণ সম্পর্কে কমিটি জানতে চায়। এ প্রকল্প বাস্তবায়ন করতে না পারলে বিকল্প অথরিটিকে দিয়ে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে মর্মে মত প্রকাশ করেন এ বিষয়ে সংসদকে জানিয়ে দেওয়ার নির্দেশনা প্রদান করেন। প্রধান ইঞ্জিনিয়ার, সওজ প্রশ্নের জবাবে বলেন, সংসদ ভবন থেকে মানিক মিয়া এভিনিউর আন্ডারপাস প্রজেক্ট সম্পর্কে বিস্তারিত জেনে পরবর্তিতে কমিটিকে অবহিত করবেন। মাননীয় সদস্য পদ্মা ব্রিজের রাস্তাটি আন্তর্জাতিকমানের রাস্তা উল্লেখ করে বলেন, পদ্মা ব্রিজ সংলগ্ন পাচ্চর মোড় থেকে ভাঙ্গার মোড় পর্যন্ত রাস্তায় বিদ্যুৎসুবিধা না থাকায় সেখানে বিদ্যুৎ সরবরাহের পরামর্শ দেন। আড়িয়াল খাঁ ব্রিজের পরে অলিম্পিক ভিলেজ প্রজেক্ট গ্রহণে, পাচ্চর এবং ভাঙ্গার মাঝে স্বাভাবিকভাবে যাতায়াতের জন্য ল্যান্ডিং এর কোন জায়গা নেই। তিনি বলেন আড়িয়াল খাঁ ব্রিজ এবং সুজানগর হাটের মাঝে এক্সপ্রেস হাইওয়ে থেকে ল্যান্ডিংয়ের ব্যবস্থা থাকলে

ভাঙ্গা হয়ে না ঘুরে সংক্ষিপ্ত সময়ে টেকেরহাট হয়ে মাদারীপুর, বরিশাল অঞ্চলের মানুষ এই সংক্ষিপ্ত রাস্তা ব্যবহার করত; তিনি এ বিষয়ে সম্ভাব্যতা যাচাইয়ের পরামর্শ দেন।

১৬.২। মাননীয় সদস্য জনাব ফজলে হোসেন বাদশা বলেন, টোল আদায়ের কারণে বঙ্গবন্ধু সেতুতে ১০ কিলোমিটার পর্যন্ত যানজট হয়। টোল আদায়ে গতানুগতিক পদ্ধতির দীর্ঘসূত্রিতার কথা উল্লেখ করে অটোমেশন সিস্টেম চালুর পরামর্শ দেন, এক্ষেত্রে দুর্নীতি অনেকাংশ কমবে এবং যানজট নিরসন হবে বলে মত প্রকাশ করেন।

১৬.৩। চীফ ইঞ্জিনিয়ার প্রশ্নের জবাবে বলেন, বুড়িগঙ্গা পুরাতন সেতুর টোল বন্ধের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে দুইবার প্রস্তাব প্রেরণ করা হয়েছিল কিন্তু অব্যাহতি না দেওয়ার কারণে বর্তমানে টোল আদায় করা হচ্ছে। এক্সপ্রেসওয়ের টোল যেহেতু একবারেই আদায় করা হবে কাজেই জুলাই মাসে এ টোল নেওয়া বন্ধ হয়ে যাবে-এ বিষয়ে স্টেকহোলডারদের সাথে আলোচনা করে ভাড়ার পরিমাণ নির্ধারণ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করেন। আরেক প্রশ্নের জবাবে বলেন, ভুলতা-গাজীপুর রাস্তা চারলেনের কাজ চলমান আছে, সেখানে কাঞ্চনজঙ্গায় একটি ব্রিজ নির্মাণ করা হবে ফলে যানজট নিরসন হবে মর্মে অবহিত করেন।

১৬.৪। সড়ক বিভাগের অতিরিক্ত সচিব বলেন, ঢাকা-ভাঙা এক্সপ্রেসওয়েতে স্টান্ডারডাইজেনের কাজ সমাপ্ত হলে সমগ্র বাংলাদেশে অটোমেশনে টোল আদায় সম্ভব হবে।

১৭। বিস্তারিত আলোচনান্তে গৃহীত সুপারিশসমূহ নিম্নরূপ:

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন সংস্থা:

| সংস্থাসমূহের নাম | সুপারিশ |
|---|---|
| নৌপরিবহণ মন্ত্রণালয় | মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদা কর্মকর্তাদের সমন্বয়ে বাংলাদেশ ৪টি মেরিন একাডেমি স্থাপন প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার বিষয়ে তদন্ত করে আগামী ২(দুই) মাসের মধ্যে একটি প্রতিবেদন প্রদানের সুপারিশ করা হয়; |
| বিআইডব্লিউটিএ | ১। নদীর নাব্যতা রক্ষায় ড্রেজিংয়ের ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক নিবীড় তদারকির সুপারিশ করা হয়;<br>২। আন্তর্জাতিকমানের সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে মানুষের ব্যবহারের জন্য বড় বড় নৌবন্দরগুলোকে আধুনিকীকরণের পরিকল্পনা গ্রহণের সুপারিশ করা হয়;<br>৩। মাদারীপুর জেলার শিবচর উপজেলার ময়নাকাটা নদীর ড্রেজিং এর বিস্তারিত তথ্য আগামী ১ মাসের মধ্যে এ কমিটিতে প্রেরণের সুপারিশ করা হয়। |
| বিআইডব্লিউটিসি | ১। বিআইডব্লিউটিসি কর্তৃক পরিচালিত ৪টি কনটেইনার জাহাজ পরিচালনার আয়-ব্যয়ের হিসাব আগামী ২(দুই) মাসের মধ্যে এ কমিটিতে প্রদানের সুপারিশ করা হয়;<br>২। বাংলামটর ফেয়ারলি হাউসে বাণিজ্যিক প্রকল্প গ্রহণের পূর্বে সরকারের অনুমতি নিয়ে সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ করা হয়; |
| বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ১। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চলমান প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রণালয় কর্তৃক তদারকির সুপারিশ করা হয়; |
| মংলাবন্দর কর্তৃপক্ষ | ১। পদ্মা ব্রিজ ও মাতারবাড়ি প্রকল্পের আলোকে মংলাবন্দরকে আরও আধুনিকীকরণের জন্য সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ করা হয়; |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | এমআরটি লাইন-৫: নর্দান রুটের প্রকল্প জালালাবাদ ফ্যাক্টরির মালিক ও শ্রমিকদের ক্ষতি না করে প্রকল্পটি বিকল্পস্থানে নির্ধারণ করা যায় কিনা সে বিষয়ে পরিকল্পনা গ্রহণের সুপারিশ করা হয়; |
| বিবিধ সুপারিশসমূহ | ১। পদ্মা এক্সপ্রেস হাইওয়ে থেকে যাতায়াতের সুবিধার্থে আড়িয়াল খাঁ ব্রিজ এবং সুজানগর হাটের মাঝে ল্যান্ডিংয়ের ব্যবস্থা গ্রহণের সম্ভাব্যতা যাচাইয়ের সুপারিশ করা হয়;<br>২। পদ্মা এক্সপ্রেসহাইওয়ের যে-সমস্ত জায়গায় বিদ্যুৎ নেই, সেখানে বিদ্যুতের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;<br>৩। আইএমইডি কর্তৃক প্রকল্প পর্যবেক্ষণের সর্বশেষ রিপোর্ট কমিটিতে প্রেরণের সুপারিশ করা হয়। |

১৮। পরিশেষে সভাপতি আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস শহীদ, এমপি
সভাপতি
অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি